# নীতিমালা নির্দেশিকা
## বৈশ্বিক আচরণবিধি

**নম্বর: COMP-01GPT** | কার্যকরের তারিখ: 01/01/2026

## সূচিপত্র:


### সেকশন 1: উদ্দেশ্য ও পরিধি

- 1.1 আচরণবিধির উদ্দেশ্য
- 1.2 কর্মচারী, ঠিকাদার এবং অংশীদারদের জন্য প্রযোজ্যতা
- 1.3 সততা ও নৈতিক অঙ্গীকার
- 1.4 কোম্পানির মূল্যবোধের সাথে সামঞ্জস্যতা

### সেকশন 2: আইন, প্রবিধান এবং GPT নীতিমালার সাথে আচরণবিধির সম্পর্ক

- 2.1 নেতৃত্ব ও ব্যবস্থাপনার ভূমিকা
- 2.2 আইন ও বিধিমালা মেনে চলা
- 2.3 লঙ্ঘনের রিপোর্ট করা ও প্রতিশোধ না নেওয়ার নীতি
- 2.4 প্রশাসন ও সম্মতি কাঠামো

### সেকশন 3: কর্মক্ষেত্রের আচরণ

- 3.1 স্বাস্থ্য, নিরাপত্তা এবং সুরক্ষা মানদণ্ড
- 3.2 বৈষম্য, হয়রানি বা অসম্মান

### সেকশন 4: ব্যবসায়িক সততা

- 4.1 স্বার্থের সংঘাত
- 4.2 সঠিক আর্থিক ও কার্যক্রম সংক্রান্ত রেকর্ড
- 4.3 কোম্পানির সম্পদের ব্যবহার ও সুরক্ষা
- 4.4 GPT-এর মেধাস্বত্বের সুরক্ষা
- 4.5 কৃত্রিম বুদ্ধিমত্তার দায়িত্বশীল ব্যবহার

- 4.6 ডেটার গোপনীয়তা ও সাইবার নিরাপত্তা
- 4.7 যোগাযোগ ও সোশ্যাল মিডিয়া নির্দেশিকা
- 4.8 অর্থপাচার প্রতিরোধ
- 4.9 ঘুষ ও দুর্নীতি বিরোধী নীতি


## সেকশন 5: গ্রাহক ও বাজার সম্পর্ক


- 5.1 পণ্যের গুণমান
- 5.2 ন্যায্য প্রতিযোগিতা ও অ্যান্টিট্রাস্ট সম্মতি
- 5.3 সরকারি চুক্তির মানদণ্ড
- 5.4 আন্তর্জাতিক বাণিজ্য ও রপ্তানি নিয়ন্ত্রণ


## সেকশন 6: সরবরাহকারী ও তৃতীয় পক্ষের সাথে সম্পৃক্ততা


- 6.1 সরবরাহকারীদের সাথে নৈতিক সম্পর্ক
- 6.2 উপহার, বিনোদন এবং আতিথেয়তা
- 6.3 মানবাধিকার এবং শ্রম অনুশীলন
- 6.4 জনহিতকর কাজ
- 6.5 পরিবেশগত স্থায়িত্ব
- 6.6 সংঘাতপূর্ণ অঞ্চলের খনিজ সম্পদ


## সেকশন 7: রাজনৈতিক ও নাগরিক সম্পৃক্ততা


- 7.1 রাজনৈতিক ক্রিয়াকলাপের জন্য নির্দেশিকা


## সেকশন 8: নীতিমালা প্রশাসন


- 8.1 সহায়ক নীতিমালা ও পদ্ধতির রেফারেন্স
- 8.2 নির্দেশনা ও সহায়তার জন্য উৎস
- 8.3 নীতিমালা পর্যালোচনা ও আপডেট
- 8.4 ধারাবাহিকতা ও পরিবর্তন

# 1. উদ্দেশ্য ও পরিধি

## 1.1 আচরণবিধির উদ্দেশ্য

**গ্রেইন অ্যান্ড প্রোটিন টেকনোলজিস** ("GPT") হলো শস্য, বীজ, পোল্ট্রি, ডিম এবং শুকর উৎপাদনের জন্য নির্ভরযোগ্য, টেকসই এবং উদ্ভাবনী সরঞ্জাম সমাধানের একটি শীর্ষস্থানীয় বিশ্বব্যাপী ডিজাইনার, প্রস্তুতকারক এবং বিপণনকারী প্রতিষ্ঠান। কোম্পানিটি তার শিল্প-শীর্ষস্থানীয় ব্র্যান্ডগুলোর শক্তিশালী পোর্টফোলিও নিয়ে বাজারে নিজেদের কার্যক্রম পরিচালনা করে: GSI, কাম্বারল্যান্ড, AP, টেকনো, সিমব্রিয়া, অ্যারোটেক, রিভেন্টা এবং ইউরোএম (Euroemme)। "বিশ্বকে আরও ভালোভাবে খাওয়ানো" (Feeding the World Better)—কোম্পানির এই মূল উদ্দেশ্যকে ধারণ করে, GPT স্মার্ট প্রযুক্তির উন্নয়ন এবং উদ্ভাবনী প্রযুক্তিগত সমাধান প্রদানের ওপর জোর প্রদান করে, যাতে কৃষক এবং কৃষি-ব্যবসায়িক ব্যবস্থাপকদের টেকসই পদ্ধতিতে আরও উৎপাদনশীল এবং লাভজনক করে তোলা যায়। আমরা এমন উচ্চ-ক্ষমতাসম্পন্ন সমাধান প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ, যা যন্ত্রপাতির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করবে এবং একই সঙ্গে শক্তির অপচয় ও পরিবেশের ওপর নেতিবাচক প্রভাব সর্বনিম্ন পর্যায়ে রাখবে।

এরই পরিপ্রেক্ষিতে, এই আচরণবিধি (অতঃপর "**বিধি**" হিসেবে উল্লিখিত) এমন অভিন্ন নৈতিক মানদণ্ড প্রদান করে, যা নিশ্চিত করে যে GPT-এর পক্ষে যারা কাজ করেন তারা সকল পরিস্থিতিতে সততা, স্বচ্ছতা এবং জবাবদিহিতার সাথে কাজ করবেন। এই নীতিমালা অনুসরণ করে, GPT তার ব্যবসায়িক অংশীদার, সুনাম, স্টেকহোল্ডার বা যে সব কমিউনিটিতে এটি কার্যক্রম পরিচালনা করে তাদের ক্ষতি করতে পারে এমন আচরণ প্রতিরোধ করতে চায় না।

এই আচরণবিধির পাশাপাশি, GPT কিছু প্রাতিষ্ঠানিক নির্দেশিকা, অভ্যন্তরীণ পদ্ধতি এবং অপারেশনাল প্রক্রিয়া বাস্তবায়ন করেছে, যা এই বিধির মূলনীতিগুলোকে পরিপূরক করে এবং সমন্বিত করে। এই আচরণবিধি অবশ্যই GPT-এর অন্যান্য নীতিমালার সাথে সমন্বয় করে ব্যাখ্যা ও প্রয়োগ করতে হবে, যাতে প্রতিষ্ঠানের সকল স্তরে ধারাবাহিকতা এবং লক্ষ্যগুলোর সামঞ্জস্যতা নিশ্চিত করা যায়। এই নীতিমালাগুলো GPT-এর প্রশাসনিক কাঠামোর একটি অপরিহার্য অংশ এবং এগুলো কর্মচারীদের জন্য GPT HUB-এ অথবা অনুরোধের ভিত্তিতে উপলভ্য।

## 1.2 কর্মচারী, ঠিকাদার ও অংশীদারদের ক্ষেত্রে প্রযোজ্যতা

এই আচরণবিধি GPT কোম্পানিগুলোর সকল কর্মকর্তা, পরিচালক এবং কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য। এই আচরণবিধি মেনে চলা GPT-এর ব্যবসা পরিচালনার ধরন এবং কোম্পানি ও এর কর্মচারীদের মধ্যকার সম্পর্কের একটি অবিচ্ছেদ্য অংশ।

এই আচরণবিধিতে উল্লিখিত যেকোনো বিধান মেনে চলতে ব্যর্থ হলে, প্রচলিত আইন অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হতে পারে; যার মধ্যে চাকরি থেকে বরখাস্তকরণ অন্তর্ভুক্ত, তবে এটিই একমাত্র ব্যবস্থা নয়।

GPT তার পরামর্শদাতা, এজেন্ট, বিক্রয় প্রতিনিধি, পরিবেশক, বিক্রেতা, ঠিকাদার বা উপ-ঠিকাদারদের এই আচরণবিধির একটি কপি প্রদান করতে পারে এবং তাদের এই বিধির প্রাসঙ্গিক দিকগুলো মেনে চলতে বাধ্য করতে পারে অথবা উৎসাহিত করতে পারে। যদি কোনো তৃতীয় পক্ষ এই আচরণবিধিতে বর্ণিত মূলনীতিগুলো মেনে চলতে ব্যর্থ হয়, তবে GPT সম্পর্ক ছিন্নকরণ সহ যেকোনো ব্যবস্থা গ্রহণ করতে পারে, তবে এটিই একমাত্র ব্যবস্থা নয়।

এই আচরণবিধিটি এককভাবে কোনো চুক্তিগত অধিকার বা বাধ্যবাধকতা তৈরির উদ্দেশ্যে প্রণীত হয়নি এবং এটি তেমন কোনো অধিকার সৃষ্টিও করে না, এছাড়া, প্রচলিত আইন অনুযায়ী অনুমোদিত সীমা পর্যন্ত, এটি অ্যাট-উইল বা অন্য কোনো প্রযোজ্য কর্মসংস্থান সম্পর্ককে পরিবর্তন করে না।

## 1.3 সততা ও নৈতিক অঙ্গীকার

ব্যক্তিগতভাবে এবং একটি কোম্পানি হিসেবে আমরা তখনই সফল হই, যখন আমরা একে অপরের কাছ থেকে শেখার জন্য সময় নিই, ভিন্ন ভিন্ন দৃষ্টিভঙ্গি বা মতামত শুনি এবং একে অপরকে পারস্পরিক শ্রদ্ধার সাথে মূল্যায়ন করি। কর্মক্ষেত্রে বৈষম্য, হয়রানি, ভীতি প্রদর্শন এবং অন্যান্য শোষণমূলক আচরণ প্রতিরোধে সহায়তা করা প্রত্যেকের দায়িত্ব। এর মধ্যে রয়েছে- শোষণমূলক আচরণের কোনো ঘটনা নজরে এলে তা কালক্ষেপণ না করে সুপারভাইজার, মানব সম্পদ বিভাগ, অথবা লিগ্যাল অ্যান্ড কমপ্লায়েন্স বিভাগকে জানানো; প্রতিশোধের কোনো ভয়

ছাড়াই। প্রত্যাশা করা হয় যে প্রত্যেক ব্যক্তি সততার সাথে আচরণ করবেন এবং তাদের আচরণ ও কথা অন্যের ওপর কী প্রভাব ফেলছে সে বিষয়ে সচেতন থাকবেন।

### 1.4 আমাদের বিজয়ী মূল্যবোধের সাথে সামঞ্জস্যতা

সততা, স্বচ্ছতা, ধারাবাহিক শেখার মানসিকতা এবং গ্রাহকের সফলতার প্রতি একাগ্রতা, এগুলি GPT-এর মূল মূল্যবোধ যা নিশ্চিত করে যে সকল কার্যক্রম সর্বোচ্চ নৈতিক মানদণ্ডের সাথে পরিচালিত হয়। প্রত্যেক ব্যক্তির জন্য এটি বাধ্যতামূলক যে, তারা তাদের দায়িত্ব পালনে এবং সহকর্মী, গ্রাহক ও অংশীদারদের সাথে সকল প্রকার মিথস্ক্রিয়ায় নৈতিক ও পেশাদার আচরণ প্রদর্শন করবেন।

## 2. <u>আইন, বিধিমালা এবং GPT-এর নীতিমালার সাথে আচরণবিধির সম্পর্ক</u>

### 2.1 নেতৃত্ব ও ব্যবস্থাপনার ভূমিকা

পুরো প্রতিষ্ঠানের জন্য একটি নৈতিক মানদণ্ড নির্ধারণের মাধ্যমে একটি আচরণবিধি তৈরি এবং তা বজায় রাখার ক্ষেত্রে নেতৃত্ব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আচরণবিধিতে বর্ণিত মূল্যবোধ এবং আচরণগুলোর আদর্শ উদাহরণ হিসেবে নিজেদের উপস্থাপন করার দায়িত্ব নেতাদের; পাশাপাশি তারা নিশ্চিত করবেন যে, প্রত্যাশাগুলো যেন স্পষ্টভাবে জানানো হয় এবং ধারাবাহিকভাবে কার্যকর করা হয়। তারা স্বচ্ছতা, জবাবদিহিতা এবং উন্মুক্ত আলোচনার প্রসার ঘটিয়ে সততার একটি সংস্কৃতি গড়ে তোলেন, যা কর্মীদের কোনো ধরনের প্রতিশোধের ভয় ছাড়াই নির্ভয়ে কথা বলতে উৎসাহিত করে। নিয়মিত প্রশিক্ষণ, পর্যবেক্ষণ এবং নীতিমালার আপডেটের মাধ্যমে নেতৃত্ব এটি নিশ্চিত করে যে, এই আচরণবিধি যেন সব সময় প্রাসঙ্গিক এবং কার্যকর থাকে। পরিশেষে, নৈতিক মানদণ্ডের প্রতি তাদের এই অঙ্গীকার বিশ্বাসকে সুদৃঢ় করে, দায়িত্বশীল সিদ্ধান্ত গ্রহণে উদ্‌বুদ্ধ করে এবং প্রতিষ্ঠানের সুনামকে আরও শক্তিশালী করে তোলে।

### 2.2 আইন ও বিধিমালা মেনে চলা

GPT একটি মৌলিক নীতি হিসেবে বিশ্বের যেসব দেশে কার্যক্রম পরিচালনা করে, সেখানকার সকল আইন, নীতি এবং প্রবিধানকে স্বীকৃতি দেয়, মেনে চলে এবং শ্রদ্ধা প্রদর্শন করে। সকল পরিচালক, কর্মকর্তা, কর্মচারী এবং তৃতীয় পক্ষ, যাদের সাথে GPT ব্যবসায়িক সম্পর্ক বজায় রাখে, তাদের প্রত্যেকের জন্য এটি বাধ্যতামূলক যে, তারা নিজ নিজ কাজের ক্ষেত্রে প্রযোজ্য আইন ও প্রবিধানগুলো নিষ্ঠার সাথে জানবেন, সকল আইনি কাঠামো মেনে চলবেন এবং এমন যেকোনো কাজ থেকে বিরত থাকবেন যা আইন লঙ্ঘন করতে পারে।

এই আচরণবিধি (Code) সেই সকল নীতি নির্ধারণ করে, যা বিশ্বের সকল স্থানে GPT-এর ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা ও নিয়ন্ত্রণ করে। যেসব ক্ষেত্রে স্থানীয় প্রথা, আইন বা প্রবিধান এই আচরণবিধির

বিধানসমূহ থেকে ভিন্ন হবে, সেক্ষেত্রে সর্বোচ্চ স্তরের নৈতিক আচরণ নিশ্চিত করে এমন মানদণ্ডটিই প্রয়োগ করা হবে। এমন কিছু পরিস্থিতি তৈরি হতে পারে যেখানে দুই বা ততোধিক দেশের আইনের মধ্যে পারস্পরিক সংঘাত বা বৈপরীত্য দেখা দিতে পারে। এই ধরনের ক্ষেত্রে, যথাযথ পদক্ষেপ নির্ধারণের জন্য অনুগ্রহ করে GPT-এর আইনি ও সম্মতি বিভাগের সাথে পরামর্শ করুন।

## 2.3 লঙ্ঘনের রিপোর্ট করা এবং প্রতিশোধ না নেওয়া

যদিও এই আচরণবিধি এবং GPT-এর নীতিমালাসমূহ একটি নির্দেশিকা হিসেবে কাজ করে, তবে এগুলো কখনোই সঠিক ও বিচক্ষণ সিদ্ধান্ত গ্রহণের বিকল্প নয়। যদি এই আচরণবিধিতে কোনো নির্দিষ্ট বিষয় বা প্রশ্নের উল্লেখ না থাকে, তবে সেক্ষেত্রে যথাযথ পদক্ষেপ নির্ধারণের জন্য প্রত্যেকের কাছ থেকে সুপরামর্শ এবং সাধারণ জ্ঞান প্রয়োগ প্রত্যাশা করা হয়। এই ধরনের মুহূর্তে এগিয়ে যাওয়ার আগে থেমে চিন্তা করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

যে পরিস্থিতিগুলো অনুপযুক্ত মনে হয়, নিয়ন্ত্রক বা নৈতিক উদ্বেগ সৃষ্টি করে, কোম্পানির নীতি লঙ্ঘন করে, বা GPT, এর কর্মচারী বা ব্যবসায়িক অংশীদারদের জন্য অন্য কোনো ঝুঁকি সৃষ্টি করে, তা অবিলম্বে রিপোর্ট করা উচিত। নীরব থাকা সমস্যাটিকে আরও জটিল হওয়ার সুযোগ করে দিতে পারে। সততা বজায় রেখে, নির্ভুলভাবে এবং সময়মতো রিপোর্ট করা হলে তা GPT, কর্মস্থল, সহকর্মী এবং বৃহত্তর সমাজকে সুরক্ষিত রাখতে সহায়তা করে। এই আচরণবিধি মেনে চলা আমাদের একটি যৌথ দায়িত্ব, এবং সংগঠনের সকল সদস্যের কাজের মাধ্যমেই এই নীতিমালার মূল্যবোধগুলো আরও সুদৃঢ় হয়।

যারা উদ্বেগ উত্থাপন করেন বা তা সমাধানে সহায়তা করেন, তাদের সমর্থন করতে GPT প্রতিশ্রুতিবদ্ধ। এছাড়াও, কর্মচারীদের কাছ থেকে প্রত্যাশা করা হয় যে তারা এই কোড, প্রযোজ্য আইন বা GPT নীতিমালার পরিচিত বা সন্দেহজনক লঙ্ঘনের ঘটনা দ্রুত রিপোর্ট করবেন; এবং তা করতে ব্যর্থ হওয়া বা অবহেলা করাও নিজেই এই আচরণবিধি লঙ্ঘন করা হিসেবে বিবেচিত হতে পারে। সকল কর্মীর কাছ থেকে প্রত্যাশা করা হয় যে, তারা GPT কর্তৃক বা তাদের পক্ষ থেকে পরিচালিত অভ্যন্তরীণ তদন্ত, অডিট বা অনুসন্ধানের ক্ষেত্রে পূর্ণাঙ্গভাবে, সততার সাথে এবং সদিচ্ছার সাথে সহযোগিতা করবেন। সহযোগিতা করতে ব্যর্থ হওয়াও নিজেই এই আচরণবিধি লঙ্ঘন করা হিসেবে গণ্য হতে পারে। তদন্তের স্বচ্ছতা বজায় রাখার স্বার্থে, GPT কোনো তদন্ত সংক্রান্ত তথ্য গোপন রাখার জন্য অনুরোধ করতে পারে, যা প্রযোজ্য আইন এবং কর্মীদের আইনি অধিকারের সাথে সংগতিপূর্ণ হতে হবে।

যেকোনো আইন, এই আচরণবিধি, বা GPT-এর নীতিমালার কোনো সন্দেহভাজন লঙ্ঘনের বিষয়ে যারা সদিচ্ছার সাথে রিপোর্ট করেন বা তথ্য প্রদান করেন, তাদের বিরুদ্ধে যেকোনো ধরনের প্রতিশোধমূলক ব্যবস্থা গ্রহণ করাকে GPT কঠোরভাবে নিষিদ্ধ করে। যেকোনো ধরনের

প্রতিশোধমূলক আচরণ শাস্তিমূলক ব্যবস্থার আওতাভুক্ত হবে, যার মধ্যে চাকরিচ্যুতি অন্তর্ভুক্ত থাকতে পারে, তবে তা কেবল এর মধ্যেই সীমাবদ্ধ নয়। অতিরিক্ত তথ্য সেকশন 8.2-এ পাওয়া যাবে

### 2.4 শাসন ও সম্মতি কাঠামো

GPT তার দায়িত্বের প্রতি দায়বদ্ধ থেকে পেশাদারিত্বের সাথে কার্যক্রম পরিচালনা করে, প্রতিষ্ঠানটি এবং এর অধিভুক্ত সংস্থাগুলো যেখানেই কাজ করুক না কেন, সেখানকার প্রযোজ্য আইন ও বিধিবিধানের প্রতি কঠোর আনুগত্য বজায় রেখে এবং সদিচ্ছার সাথে ও সচেষ্টভাবে কর্পোরেট লক্ষ্যসমূহ অর্জনে সচেষ্ট থাকে।

## 3. <u>কর্মক্ষেত্রের আচরণ</u>

- ### 3.1 স্বাস্থ্য, নিরাপত্তা এবং সুরক্ষা মানদণ্ড

প্রত্যেক কর্মী এবং GPT-এর স্থাপনায় আসা দর্শনার্থীদের স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করা কোম্পানির সর্বোচ্চ অগ্রাধিকার। কর্মীদের অবশ্যই পূর্ণ সক্ষমতার সাথে তাদের দায়িত্ব পালন করতে হবে, এবং সেই লক্ষ্যে, কর্মক্ষেত্রে অবৈধ মাদক বা অ্যালকোহল ব্যবহার করা, সাথে রাখা, বিতরণ করা বা এগুলোর প্রভাবে থাকা সম্পূর্ণ নিষিদ্ধ। কর্মীদের জন্য এমন যেকোনো প্রেসক্রিপশন অনুযায়ী বা কাউন্টার থেকে কেনা ওষুধের ব্যবহারের কথা জানানো বাধ্যতামূলক, যা তাদের বিচারবুদ্ধি, সতর্কতা বা নিরাপদে কাজ করার ক্ষমতাকে ব্যাহত করতে পারে। কর্মচারীরা কোনো ধরনের মানসিক বা শারীরিক প্রভাবিত অবস্থায় নিরাপত্তা-সংবেদনশীল দায়িত্ব পালন করতে পারবে না। এই নিয়মগুলো পালনে ব্যর্থ হলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হতে পারে, যার মধ্যে চাকরিচ্যুতি করাও অন্তর্ভুক্ত; তবে তা অবশ্যই প্রযোজ্য আইনের অনুমোদিত সীমা অনুযায়ী হতে হবে। ওষুধ ব্যবহারের তথ্য গোপনীয়ভাবে পরিচালিত হবে এবং প্রযোজ্য গোপনীয়তা ও প্রতিবন্ধিতা-সংক্রান্ত আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

কর্মক্ষেত্রে সহিংসতা, যার মধ্যে হুমকি বা যেকোনো ধরনের সহিংসতা অন্তর্ভুক্ত, কঠোরভাবে নিষিদ্ধ। প্রযোজ্য আইন অনুযায়ী সর্বোচ্চ সীমা পর্যন্ত আগ্নেয়াস্ত্র বা ক্ষতি করার উদ্দেশ্যে ব্যবহৃত অন্য যেকোনো বস্তু সাথে রাখা একইভাবে নিষিদ্ধ। যেকোনো পর্যবেক্ষিত বা সন্দেহভাজন হুমকি, সহিংস আচরণ, অথবা অননুমোদিত বস্তু সম্পর্কে অবশ্যই অবিলম্বে একজন সুপারভাইজার, HR, EHS হটলাইন বা স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাকে রিপোর্ট করতে হবে।

### 3.2 বৈষম্য, হয়রানি বা অসম্মান

GPT কোনো প্রকার অসম্মানজনক আচরণ, বৈষম্য বা বেআইনি হয়রানি সহ্য করে না, যার মধ্যে মৌখিক অপব্যবহার, অনাকাঙ্ক্ষিত কুপ্রস্তাব বা অন্য কোনো বর্জনমূলক আচরণ অন্তর্ভুক্ত। GPT সমস্ত প্রযোজ্য আইন ও বিধিমালা মেনে চলে যা কর্মসংস্থানে সমান সুযোগ নিশ্চিত করে, এবং

কোনো ব্যক্তির বা দলের বিরুদ্ধে বৈষম্য নিষিদ্ধ করে, যা জাতি, বর্ণ, ধর্ম, লিঙ্গ, লিঙ্গ পরিচয়, লিঙ্গ প্রকাশ, যৌন অভিমুখিতা, জাতীয় উৎপত্তি, জাতি, বয়স, প্রতিবন্ধিতা, সামরিক মর্যাদা, গর্ভধারণ, প্রসব বা সংশ্লিষ্ট চিকিৎসা পরিস্থিতি, জেনেটিক তথ্য, বৈবাহিক অবস্থা, বা প্রযোজ্য আইন দ্বারা সংরক্ষিত অন্য কোনো বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে।

## 4. <u>ব্যবসায়িক সততা</u>

### 4.1 স্বার্থের সংঘাত

প্রত্যেক ব্যক্তির কাছ থেকে প্রত্যাশা করা হয় যে, তারা সততা ও নিষ্ঠার সাথে তাদের দায়িত্ব পালন করবেন। যে পরিস্থিতিতে ব্যক্তিগত স্বার্থ, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, GPT-এর স্বার্থের সাথে সংঘাত সৃষ্টি করে, তা এড়ানো আবশ্যক। সরাসরি সংঘাত না থাকলেও সংঘাতের আভাসই বিশ্বাসকে ক্ষতিগ্রস্ত করতে পারে এবং সিদ্ধান্ত গ্রহণে প্রভাব ফেলতে পারে। প্রত্যেক ব্যক্তির দায়িত্ব হলো GPT-এর জন্য তাদের কাজ কার্যকর ও নিরপেক্ষভাবে সম্পন্ন করা। অতএব, ব্যক্তিদের এমন পরিস্থিতি বা কার্যকলাপ এড়ানো উচিত যা স্বার্থের সংঘাত সৃষ্টি করতে পারে বা সংঘাতের ছাপ প্রদর্শন করতে পারে।

একটি প্রকৃত বা আপাতদৃষ্ট স্বার্থের সংঘাত অনেকভাবেই তৈরি হতে পারে, যার মধ্যে নিচের বিষয়গুলো অন্তর্ভুক্ত:

- <u>আর্থিক স্বার্থ</u>: প্রতিদ্বন্দ্বী কোম্পানি বা এমন কোনো ব্যবসায়ে মালিকানা বা অন্য কোনো স্বার্থ থাকা, যার সঙ্গে GPT-এর ইতোমধ্যেই ব্যবসায়িক সম্পর্ক আছে বা সম্পর্ক স্থাপনের কথা বিবেচনা করছে;
- <u>বহিরাগত কর্মসংস্থান</u>: তৃতীয় কোনো পক্ষের সাথে এমন কোনো ব্যবসায়িক, আর্থিক বা অন্য কোনো সম্পর্ক বজায় রাখা, যা GPT-এর প্রতি নিজ দায়িত্ব পালনের সক্ষমতাকে বাধাগ্রস্ত করে;
- <u>পারিবারিক সম্পর্ক</u>: পরিবারের ঘনিষ্ঠ সদস্যদের (যেমন: স্বামী/স্ত্রী, জীবনসঙ্গী, বাবা-মা, ভাই-বোন, সন্তান বা শ্বশুরবাড়ির আত্মীয়) ক্ষেত্রে কোনো পদক্ষেপ নেওয়ার আগে সুপারভাইজার, HR, অথবা আইনি ও সম্মতি বিভাগকে দ্রুত লিখিতভাবে অবহিত না করে কর্মসংস্থান সংক্রান্ত সিদ্ধান্ত (যেমন: নিয়োগ, পদোন্নতি বা দায়িত্ব প্রদান) অথবা বাণিজ্যিক লেনদেনের (যেমন: সরবরাহকারী নির্বাচন বা চুক্তি) ক্ষেত্রে স্বজনপ্রীতি বা পক্ষপাতিত্ব করা; প্রকৃত বা অনুভূত কোনো প্রকার পক্ষপাতিত্ব এড়াতে সম্ভাব্য সকল স্বার্থের সংঘাত অবশ্যই প্রকাশ করতে হবে;
- <u>গোপনীয় তথ্য</u>: GPT-এর সাথে বা GPT-এর জন্য কাজ করার মাধ্যমে প্রাপ্ত, অথবা GPT-এর কর্মী বা GPT-এর সাথে বাণিজ্যিক সম্পর্কের ভিত্তিতে নিয়োজিত তৃতীয় পক্ষের সাথে

কথোপকথন বা পর্যবেক্ষণের মাধ্যমে অর্জিত GPT-এর যেকোনো গোপনীয়, বাণিজ্যিক বা স্বত্বাধিকারী তথ্যের ব্যবহার করা;

- কর্মসংস্থান সম্পর্ক: বর্তমান বা সম্ভাব্য কোনো প্রতিযোগী, সরবরাহকারী বা গ্রাহকের জন্য কর্মচারী, পরিচালক, কর্মকর্তা, অংশীদার, এজেন্ট বা পরামর্শদাতা হিসেবে কাজ করা, যেখানে এমন সম্পৃক্ততা GPT-এর প্রতি দায়িত্ব পালনে বাধা সৃষ্টি করতে পারে। এর মধ্যে "মুনলাইটিং" বা অন্য কোনো প্রতিষ্ঠানে কর্মকর্তা, পরিচালক, কর্মচারী, এজেন্ট, প্রতিনিধি বা পরামর্শক হিসেবে সেবা প্রদান অন্তর্ভুক্ত, যেখানে এমন সম্পৃক্ততা GPT-তে তার দায়িত্ব পালনে বিঘ্ন ঘটাতে পারে;
- GPT-এর রিসোর্স ব্যবহার: GPT-এ নিজ দায়িত্ব বা ভূমিকার সাথে সম্পর্কিত নয় এমন কোনো ক্রিয়াকলাপে কর্মঘণ্টা ব্যয় করা অথবা GPT-এর রিসোর্স ব্যবহার করা;
- সিদ্ধান্ত গ্রহণে প্রভাব বিস্তার: GPT এবং অন্য কোনো প্রতিষ্ঠানের মধ্যকার এমন কোনো ব্যবসায়িক লেনদেনকে প্রভাবিত করা বা প্রভাবিত করার চেষ্টা করা, যেখানে সংশ্লিষ্ট ব্যক্তির প্রত্যক্ষ বা পরোক্ষ আর্থিক স্বার্থ রয়েছে;
- উপহার ও আতিথেয়তা: অননুমোদিত উপহার, অনুগ্রহ, আতিথেয়তা বা অন্য যেকোনো মূল্যবান বস্তু গ্রহণ বা প্রদান করা, যা ব্যবসায়িক সিদ্ধান্তকে প্রভাবিত করতে পারে বা প্রভাবিত করার ছাপ সৃষ্টি করতে পারে;
- ব্যক্তিগত লাভ: GPT-তে নিজ দায়িত্ব পালনের মাধ্যমে প্রাপ্ত সুযোগগুলোকে ব্যক্তিগত লাভের জন্য ব্যবহার করা।

সম্ভাব্য স্বার্থের সংঘাত নিরসনে স্বচ্ছতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সম্ভাব্য স্বার্থের সংঘাতের বিষয়ে ততক্ষণ পর্যন্ত কোনো পদক্ষেপ নেওয়া যাবে না, যতক্ষণ না বিষয়টি সংশ্লিষ্ট ব্যক্তির সুপারভাইজার, HR, অথবা লিগ্যাল অ্যান্ড কমপ্লায়েন্স বিভাগকে সম্পূর্ণভাবে অবহিত করা হয় এবং তারা এটি পর্যালোচনা করে যথাযথ দিকনির্দেশনা বা অনুমোদন প্রদান করে। যেকোনো সম্ভাব্য স্বার্থের সংঘাত উদ্ভূত হওয়ার সাথে সাথে তা প্রকাশ করার মাধ্যমে, ব্যক্তিগণ সততা, নিষ্ঠা এবং ন্যায্য আচরণের ক্ষেত্রে GPT-এর সুনামকে আরও এগিয়ে নিতে সহায়তা করেন।

অনেক ক্ষেত্রে কোনো স্বার্থ, সম্পর্ক বা লেনদেন GPT-এর জন্য ক্ষতিকর বলে বিবেচিত নাও হতে পারে, এবং ব্যক্তিদের তা অনুসরণ করার অনুমতি দেওয়া যেতে পারে; তবে কোনো পদক্ষেপ নেওয়ার আগে স্বচ্ছতা নিশ্চিত করলে সমস্ত পক্ষ GPT-এর স্বার্থে সর্বোত্তম সিদ্ধান্ত নিতে পারে।

## 4.2 সঠিক আর্থিক ও কার্যক্রম সংক্রান্ত রেকর্ড

GPT-এর নিয়ম অনুযায়ী, সকল আর্থিক এবং হিসাবরক্ষণ সংক্রান্ত নথিপত্র অবশ্যই সাধারণভাবে স্বীকৃত হিসাববিজ্ঞান নীতিমালার সাথে সংগতি রেখে নির্ভুলতা, পূর্ণাঙ্গতা এবং স্বচ্ছতার সাথে সংরক্ষণ করতে হবে। কোনো এন্ট্রি বা নথিতে ইচ্ছাকৃতভাবে GPT-এর কোনো লেনদেনের প্রকৃত

ধরন গোপন বা ছদ্মবেশে উপস্থাপন করা যাবে না। কর্মচারীদের আর্থিক রিপোর্টিং ও কার্যক্রমে সততা নিশ্চিত করার জন্য নিম্নলিখিত নির্দেশিকা মেনে চলা আবশ্যক:

- কোনো উদ্দেশ্যেই অপ্রকাশিত, নথিবহির্ভূত বা 'অফ-দ্য-বুক' কোনো তহবিল বা সম্পদ তৈরি করা যাবে না।
- কোনো মিথ্যা বা কাল্পনিক এন্ট্রি করা যাবে না এবং কোনো বিভ্রান্তিকর রিপোর্ট প্রকাশ করা যাবে না; প্রতিটি এন্ট্রি বা নথিতে সংশ্লিষ্ট লেনদেনের বিবরণ অবশ্যই নির্ভুলভাবে এবং স্পষ্টভাবে ফুটে উঠতে হবে।
- পেমেন্ট কেবলমাত্র প্রদত্ত সেবা বা সরবরাহকৃত পণ্যের জন্যই করা যাবে; মিথ্যা বা কাল্পনিক চালান পরিশোধ করা যাবে না।
- কোনো নথিতে প্রকৃত কার্যনির্বাহের তারিখ ব্যতীত অন্য কোনো তারিখ ব্যবহার করা যাবে না; যদি না সেই দলিলে স্পষ্টভাবে উল্লেখ থাকে যে তারিখটি অন্য কোনো তারিখ হিসেবে গণ্য হবে। আইনি ও আর্থিক প্রতিবেদনের মানদণ্ড বা স্ট্যান্ডার্ড মেনে চলা নিশ্চিত করতে, এই ধরনের পরিবর্তিত তারিখ ব্যবহারের বিষয়টি অবশ্যই লিগ্যাল অ্যান্ড কমপ্লায়েন্স বিভাগ কর্তৃক পর্যালোচনা করতে হবে।
- GPT-এর ব্যবসা সম্পাদনের সময় সঠিকভাবে হওয়া ব্যবসায়িক ব্যয়গুলি অবশ্যই দ্রুত, সঠিক এবং পূর্ণাঙ্গভাবে ব্যয় বিবরণীতে নথিভুক্ত করতে হবে, এবং প্রতিবেদনে উল্লিখিত ব্যয়ের ধরন স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

হিসাবরক্ষণ বা আর্থিক নথিপত্র সংক্রান্ত নিয়মের যেকোনো সন্দেহভাজন লঙ্ঘন অবশ্যই একজন সুপারভাইজার, HR, হটলাইন, অথবা GPTCompliance@grainproteintech.com ঠিকানায় ইমেলের মাধ্যমে লিগ্যাল অ্যান্ড কমপ্লায়েন্স বিভাগকে জানাতে হবে।

GPT-এর নগদ অর্থ ও হিসাবের সঠিক পরিচালনাও গুরুত্বপূর্ণ, যাতে ঘুষ, কিকব্যাক এবং অন্যান্য অবৈধ অর্থপ্রদানের ঘটনা প্রতিরোধ করা যায়। কর্মীদের অবশ্যই প্রযোজ্য ঘুষ-বিরোধী এবং দুর্নীতি-বিরোধী নীতিমালাগুলো মেনে চলতে হবে, পাশাপাশি নিম্নলিখিত প্রয়োজনীয় শর্তাবলিও অনুসরণ করতে হবে:

- GPT-এর তহবিল ধারণকারী সমস্ত ব্যাংক অ্যাকাউন্ট, শুধুমাত্র ক্ষুদ্র নগদ তহবিলের তত্ত্বাবধায়কদের নামে থাকা অ্যাকাউন্টগুলি ব্যতীত, সংশ্লিষ্ট GPT সহযোগী প্রতিষ্ঠানের বৈধ ব্যবসায়িক নামে খোলা এবং পরিচালিত হতে হবে।
- GPT-এর তহবিল সংবলিত সকল লেনদেন অবশ্যই GPT-এর হিসাবের বই এবং নথিপত্রে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- স্বাভাবিক ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার জন্য যতটুকু যৌক্তিক প্রয়োজন, তার অতিরিক্ত কোনো তহবিল GPT-এর কাছে নগদ (Cash) আকারে রাখা যাবে না। GPT তার ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার সময় বিভিন্ন ধরনের রেকর্ড ও নথি তৈরি করে, যা অবশ্যই সকল

রেকর্ড ব্যবস্থাপনা নীতিমালার সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। এই ধরনের নথিপত্রগুলো সরকারি অডিট, আইনি বাধ্যবাধকতা, তদন্ত অথবা মামলার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ হতে পারে। কর্মচারীরা GPT-এর রেকর্ড অন্যায়ভাবে পরিবর্তন বা ধ্বংস করতে পারবে না এবং তাদের নথিপত্র সংরক্ষণ সংক্রান্ত সকল প্রযোজ্য নীতিমালা ও পদ্ধতি মেনে চলতে হবে। GPT "*লিগ্যাল হোল্ড*" বা "*লিটিগেশন হোল্ড*" জারি করতে পারে, যার ফলে নথিপত্র ব্যবস্থাপনা নীতিমালা ও পদ্ধতিসমূহ স্থগিত রাখতে হতে পারে। এ ধরনের যেকোনো স্থগিতাদেশ অবশ্যই লিগ্যাল অ্যান্ড কমপ্লায়েন্স বিভাগের নির্দেশ অনুযায়ী কার্যকর করা হবে।

### 4.3 কোম্পানির সম্পদের ব্যবহার ও সুরক্ষা

GPT-এর পক্ষ থেকে কর্মকর্তা-কর্মচারীদের ওপর অর্পিত সম্পত্তি ও তহবিলের সুরক্ষা নিশ্চিত করা এবং সেগুলোর সঠিক ব্যবহার করা সকলের সম্মিলিত দায়িত্ব। GPT কর্মীদের তাদের কাজের ক্ষেত্রে ব্যয়-সচেতন হতে উৎসাহিত করে এবং খরচ কমিয়ে কীভাবে কাজের মান আরও উন্নত করা যায়, প্রতিনিয়ত সেই উপায়গুলো খুঁজে বের করতে অনুপ্রাণিত করে।

যোগাযোগ ব্যবস্থা ব্যবহারের মতো ক্ষেত্রগুলোতে মাঝেমধ্যে GPT-এর সম্পত্তির ব্যক্তিগত ব্যবহার প্রয়োজন হতে পারে; তবে সাধারণভাবে কর্মকর্তা-কর্মচারীদের উচিত অফিসের সরঞ্জাম, যন্ত্রপাতি, কম্পিউটার এবং যানবাহনসহ GPT-এর সম্পত্তির ব্যক্তিগত ব্যবহার পরিহার করা। স্পষ্ট অনুমোদন ব্যতীত, GPT-এর কোনো সম্পত্তি ব্যক্তিগত সুবিধার জন্য ব্যবহার করা যাবে না এবং এর অবস্থা বা মূল্য যাই হোক না কেন, তা বিক্রি করা, ধার দেওয়া বা দান করা যাবে না।

### 4.4 GPT-এর মেধা সম্পদের সুরক্ষা

GPT-এর মেধা সম্পদ এর অন্যতম মূল্যবান সম্পদ হিসেবে বিবেচিত এবং এটি গ্রাহকদের জন্য নতুন পণ্য উদ্ভাবনের ভিত্তি হিসেবে কাজ করে। তাই প্রত্যেক কর্মীকে অবশ্যই সকল মেধা সম্পদ সংক্রান্ত আইন ও বিধিমালা এবং GPT-এর প্রয়োজনীয় চুক্তিসমূহ মেনে চলতে হবে; এবং সেই সাথে GPT-এর মেধা সম্পদের সুরক্ষা ও সঠিক ব্যবহার নিশ্চিত করতে হবে। একইভাবে, সকল কর্মকর্তা-কর্মচারীর কাছ থেকে প্রত্যাশা করা হয় যে, তারা তৃতীয় পক্ষের মেধা সম্পদের অধিকারের প্রতি সম্মান প্রদর্শন করবেন, যার মধ্যে GPT-এর প্রতিদ্বন্দ্বীরাও অন্তর্ভুক্ত।

### 4.5 কৃত্রিম বুদ্ধিমত্তার দায়িত্বশীল ব্যবহার

কৃত্রিম বুদ্ধিমত্তা (AI)-এর দায়িত্বশীল ব্যবহার আমাদের ব্যবসা পরিচালনার একটি অবিচ্ছেদ্য অংশ, কারণ এটি একটি উদীয়মান প্রযুক্তি যা নৈতিক উদ্ভাবন এবং তথ্যের অখণ্ডতার প্রতি আমাদের প্রতিশ্রুতিকে প্রতিফলিত করে। কর্মচারীদের অবশ্যই অনুমোদিত AI সরঞ্জাম স্বচ্ছভাবে

ব্যবহার করতে হবে, নিশ্চিত করতে হবে যে এর আউটপুট নির্ভুল, পক্ষপাতহীন এবং প্রতিষ্ঠানের মূল্যবোধের সাথে সামঞ্জস্যপূর্ণ। এর মধ্যে সংবেদনশীল তথ্যের সুরক্ষা, প্রতারণামূলক বা প্ররোচনামূলক ব্যবহার এড়ানো, এবং সিদ্ধান্ত গ্রহণে মানব পর্যবেক্ষণ বজায় রাখা অন্তর্ভুক্ত। AI-এর সমস্ত ব্যবহারের ক্ষেত্রে অবশ্যই প্রযোজ্য আইন, অভ্যন্তরীণ নির্দেশিকা এবং নীতিসমূহ মেনে চলতে হবে। আইনি, আর্থিক, নিরাপত্তা-সংবেদনশীল বা কর্মসংস্থান সম্পর্কিত সিদ্ধান্ত ও ব্যবহারের জন্য AI ব্যবহারের আগে লিগ্যাল অ্যান্ড কমপ্লায়েন্স বিভাগের অনুমোদন প্রয়োজন। এই প্রক্রিয়াগুলো অনুসরণ করে এবং নৈতিক, আইনি, নিরাপত্তা ও অন্যান্য ঝুঁকির জন্য নিয়মিতভাবে AI অ্যাপ্লিকেশনগুলো পর্যালোচনা করার মাধ্যমে, আমরা আমাদের সমগ্র প্রতিষ্ঠানে আস্থা, জবাবদিহিতা এবং দায়িত্বশীল উদ্ভাবন গড়ে তুলি।

### 4.6 ডেটার গোপনীয়তা ও সাইবার নিরাপত্তা

GPT সকল কর্মকর্তা-কর্মচারী, গ্রাহক, বিক্রেতা এবং অন্যান্য ব্যবসায়িক অংশীদারদের তথ্যের গোপনীয়তা ও প্রাইভেসির প্রতি শ্রদ্ধা প্রদর্শন এবং তা রক্ষা করতে প্রতিশ্রুতিবদ্ধ; এবং একইসাথে নিশ্চিত করে যে, তথ্য যেন কেবল বৈধ ব্যবসায়িক উদ্দেশ্যে এবং সকল প্রযোজ্য আইন ও বিধিমালা মেনেই ব্যবহার করা হয়। প্রাইভেসি সংক্রান্ত কার্যক্রম এবং বাধ্যবাধকতা সম্পর্কে আরও বিস্তারিত তথ্যের জন্য কর্মীদের GPT-এর প্রাইভেসি পলিসি দেখার বা পরামর্শ নেওয়ার জন্য উৎসাহিত করা হয়।

সাইবার নিরাপত্তা আমাদের আচরণবিধির একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ উপাদান, যা সংবেদনশীল তথ্য, সিস্টেম এবং ডিজিটাল সম্পদ রক্ষার প্রতি আমাদের অঙ্গীকারকে প্রতিফলিত করে। সকল কর্মীদের কাছ থেকে তথ্য নিরাপত্তার সর্বোত্তম অনুশীলনগুলো মেনে চলার প্রত্যাশা করা হয়; যার মধ্যে রয়েছে পাসওয়ার্ড সুরক্ষিত রাখা, অননুমোদিত প্রবেশ এড়ানো, সন্দেহজনক ক্রিয়াকলাপ দ্রুত রিপোর্ট করা এবং তথ্য ফাঁসের সম্ভাবনা দেখা দিলে জরুরি সাড়াদান প্রক্রিয়া অনুসরণ করা। তথ্য ফাঁসের ঘটনা রোধ করতে এবং তথ্যের গোপনীয়তা, অখণ্ডতা ও সহজলভ্যতা নিশ্চিত করতে ডেটা সুরক্ষা আইন এবং অভ্যন্তরীণ প্রোটোকলগুলো কঠোরভাবে মেনে চলা আবশ্যক। আমাদের ডিজিটাল আচরণের ক্ষেত্রে সতর্কতা এবং জবাবদিহিতা বজায় রাখার মাধ্যমে, আমরা প্রতিষ্ঠান জুড়ে আস্থা ও সহনশীলতা অক্ষুণ্ন রাখতে সহায়তা করি।

### 4.7 যোগাযোগ ও সোশ্যাল মিডিয়া নির্দেশিকা

কর্মচারীদের কাছ থেকে প্রত্যাশা করা হয় যে তারা সামাজিক যোগাযোগমাধ্যমের ব্যবহার দায়িত্বশীলভাবে করবেন, যা GPT-এর সম্মান, সততা এবং স্বচ্ছতার মূল্যবোধকে প্রতিফলিত করবে। নিষিদ্ধ ক্রিয়াকলাপের মধ্যে রয়েছে গোপনীয় তথ্য প্রকাশ করা, GPT সম্পর্কে ভুল তথ্য উপস্থাপন করা, অথবা এমন কোনো বৈষম্যমূলক, হয়রানিমূলক, মানহানিকর, শত্রুতামূলক বা

আপত্তিকর আচরণে লিপ্ত হওয়া যা GPT-এর সুনাম কিংবা কর্মক্ষেত্রের পরিবেশের ক্ষতি করতে পারে।

কর্মসংক্রান্ত বিষয়ে আলোচনার সময় আপনার সম্পৃক্ততা স্পষ্টভাবে উল্লেখ করুন এবং অনুমোদিত না হলে আপনার ব্যক্তিগত মতামতকে GPT-এর আনুষ্ঠানিক সমর্থন হিসেবে প্রকাশ করা থেকে বিরত থাকুন। GPT-এর পক্ষে মিডিয়া, বিনিয়োগকারী বা বিশ্লেষকদের সঙ্গে যোগাযোগ করতে শুধুমাত্র অনুমোদিত মুখপাত্রদের অনুমতি রয়েছে। GPT সম্পর্কিত যেকোনো মিডিয়া বা বাহ্যিক জিজ্ঞাসাসমূহকে উপযুক্ত যোগাযোগ বিভাগ বা লিগ্যাল অ্যান্ড কমপ্লায়েন্স বিভাগে প্রেরণ করতে হবে। এই অনুচ্ছেদের কোনো কিছুই কর্মীদের আইনত সংরক্ষিত সম্মিলিত কার্যক্রম অথবা প্রযোজ্য শ্রম ও কর্মসংস্থান আইনের অধীনে প্রাপ্ত অন্যান্য অধিকার চর্চায় বাধা প্রদান বা হস্তক্ষেপ করার উদ্দেশ্যে প্রণীত নয়।

## 4.8 অর্থপাচার প্রতিরোধ

GPT শুধুমাত্র সেই সকল স্বনামধন্য গ্রাহকদের সাথেই ব্যবসা পরিচালনা করে যারা বৈধ ব্যবসায়িক কর্মকাণ্ডে নিয়োজিত এবং যাদের অর্থের উৎস আইনসম্মত। GPT বিশ্বজুড়ে প্রচলিত সকল অর্থপাচার প্রতিরোধ এবং সন্ত্রাসবাদ বিরোধী আইন মেনে চলতে সম্পূর্ণ প্রতিশ্রুতিবদ্ধ; যার মধ্যে OFAC এবং অনুরূপ অন্যান্য আইন ও বিধিমালার পরিপালন অন্তর্ভুক্ত। অর্থপাচারের সাথে যেকোনো ধরনের সম্পৃক্ততা, ইচ্ছাকৃত হোক বা অনিচ্ছাকৃত, সততার ক্ষেত্রে GPT-এর সুনামকে ক্ষুণ্ণ করে এবং সংশ্লিষ্ট ব্যক্তি ও GPT উভয়কেই বড় ধরনের দেওয়ানি ও ফৌজদারি শাস্তির ঝুঁকিতে ফেলে।

GPT এমন কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাথে ব্যবসা পরিচালনা করে না যারা প্রযোজ্য নিষেধাজ্ঞা বা নিষিদ্ধ-পক্ষ তালিকার অন্তর্ভুক্ত। কর্মীদের অবশ্যই নিষেধাজ্ঞা এবং নিষিদ্ধ পক্ষ সংক্রান্ত সকল স্ক্রিনিং, যথাযথ যাচাই এবং তদারকি সংক্রান্ত প্রয়োজনীয়তা বা নিয়মাবলী মেনে চলতে হবে।

## 4.9 ঘুষ ও দুর্নীতি বিরোধী নীতি

GPT যেকোনোভাবে, যেকোনো সময় এবং যেকোনো ব্যক্তির ক্ষেত্রে ঘুষ ও দুর্নীতি নিষিদ্ধ করার একটি কঠোর নীতি মেনে চলে; তা ব্যক্তিগত বা সরকারি, যেকোনো খাতেই হোক না কেন। এর মধ্যে সহায়তা প্রদানের অর্থ নিষিদ্ধ করা এবং অনৈতিক লেনদেন রোধ করতে সকল প্রকার পেমেন্টের নির্ভুল হিসাবরক্ষণ নিশ্চিত করার প্রয়োজনীয়তা অন্তর্ভুক্ত। এই ঘুষ বা দুর্নীতি-বিরোধী আইন লঙ্ঘনের ফলে কঠোর আইনি শাস্তি এবং প্রতিষ্ঠানের সুনামের ক্ষতি হতে পারে; এমনকি সেই সকল দেশেও এটি প্রযোজ্য হবে যেখানে এই ধরনের ক্রিয়াকলাপকে প্রচলিত হিসেবে মনে করা হয়।

এই নিষেধাজ্ঞা GPT-এর হয়ে কাজ করা সকল তৃতীয় পক্ষের ক্ষেত্রেও সমানভাবে প্রযোজ্য, যেমন—কন্ট্রাক্টর, সাব-কন্ট্রাক্টর, এজেন্ট, ডিলার, ডিস্ট্রিবিউটর এবং ভেন্ডর। এই ধরনের অংশীদার বাছাই করার সময় কর্মচারীদের অবশ্যই যথাযথ যাচাই সম্পাদন করতে হবে, যাতে অন্যান্য বিষয়ের মধ্যে ঘুষ ও দুর্নীতি প্রতিরোধমূলক আইন মেনে চলা নিশ্চিত করা যায়।

## 5. গ্রাহক ও বাজার সম্পর্ক

### 5.1 পণ্যের গুণমান

আমরা এমন নির্ভরযোগ্য, টেকসই এবং উদ্ভাবনী সমাধান ডিজাইন, উৎপাদন ও সরবরাহ করতে নিবেদিত, যার ওপর আমাদের গ্রাহকরা আস্থা রাখতে পারেন, যাতে তাদের কাজ আরও সহজ, দ্রুত এবং ফলপ্রসূ হয়। GPT তার প্রতিটি পদক্ষেপে সততা প্রদর্শনের মাধ্যমে এবং শিল্প-সেরা ব্র্যান্ডসমূহ, গভীর কৃষি অভিজ্ঞতা ও দূরদর্শী প্রযুক্তির সমন্বয়ে প্রতিযোগিতায় টিকে থাকে; যা কৃষকদের এবং কৃষি-ব্যবসায়িক ব্যবস্থাপকদের উৎপাদনশীলতা বৃদ্ধি করতে, উৎপাদিত পণ্যের সুরক্ষা নিশ্চিত করতে এবং তাদের গবাদি পশুর যত্ন নিতে সহায়তা করে।

আমাদের পণ্যগুলো যেন নিরাপদ ও নির্ভরযোগ্য হয় এবং সেগুলো আমাদের শিল্পের নির্ধারিত মানদণ্ড পূরণ বা অতিক্রম করতে পারে, তা নিশ্চিত করা প্রতিটি টিম মেম্বারের দায়িত্ব। আমরা সক্রিয়ভাবে বাজারের প্রতিক্রিয়া শুনি, উদ্বেগের প্রতি স্বচ্ছভাবে প্রতিক্রিয়া জানাই, কঠোর মান নিয়ন্ত্রণ বজায় রাখি, এবং অবিরাম উন্নতির জন্য প্রতিশ্রুতিবদ্ধ। এভাবে কাজ করার মাধ্যমে, আমরা পারস্পরিক আস্থা দৃঢ় করি, দীর্ঘমেয়াদী সম্পর্ক গড়ে তুলি এবং বাজারে শ্রেষ্ঠত্বের প্রতীক হিসেবে আমাদের সুনামকে আরও শক্তিশালী করি।

### 5.2 ন্যায্য প্রতিযোগিতা ও অ্যান্টিট্রাস্ট সম্মতি

GPT ন্যায্য প্রতিযোগিতার নীতিমালা বজায় রাখা এবং অ্যান্টিট্রাস্ট আইন কঠোরভাবে মেনে চলার প্রতি সম্পূর্ণভাবে প্রতিশ্রুতিবদ্ধ। সকল কর্মচারীকে অবশ্যই নৈতিকভাবে ও স্বাধীনভাবে ব্যবসা পরিচালনা করতে হবে; এবং এমন যেকোনো চুক্তি বা ক্রিয়াকলাপ পরিহার করতে হবে যা প্রতিযোগিতাকে বাধাগ্রস্ত করতে পারে, যেমন: পণ্যের দাম নির্ধারণ, বাজার ভাগাভাগি, দরপত্রে কারসাজি, অথবা প্রতিযোগীদের সাথে সংবেদনশীল তথ্য শেয়ার করা। এই ধরনের ক্রিয়াকলাপ কেবল আইনি মানদণ্ডই লঙ্ঘন করে না, বরং বাজারে পারস্পরিক আস্থা এবং উদ্ভাবনের পরিবেশকেও ক্ষতিগ্রস্ত করে। আমরা প্রত্যাশা করি যে, প্রত্যেকেই প্রতিযোগী, সরবরাহকারী এবং অংশীদারদের সাথে এমনভাবে যোগাযোগ ও ব্যবসায়িক লেনদেন করবেন, যা স্বচ্ছতা ও সততাকে উৎসাহিত করে। নীতিমালার যেকোনো সম্ভাব্য লঙ্ঘনের বিষয়ে সন্দেহ হলে তা অবিলম্বে লিগ্যাল অ্যান্ড কমপ্লায়েন্স বিভাগকে জানাতে হবে।

### 5.3 সরকারি চুক্তির মানদণ্ড

সরকারি সংস্থার সঙ্গে সম্পৃক্ত হওয়ার সময়, GPT প্রযোজ্য সকল আইন, বিধি-বিধান, নিয়ম এবং চুক্তিগত দায়বদ্ধতা সম্পূর্ণভাবে মেনে চলার প্রতি অঙ্গীকারবদ্ধ। সরকারি সংস্থা বা সরকারি কর্মকর্তাদের সঙ্গে কোনো যোগাযোগ বা অন্যান্য ক্রিয়াকলাপে সম্পৃক্ত হলে, GPT-এর সকল প্রতিনিধিকে নিম্নলিখিত বিষয়গুলো পালন করতে হবে বলে প্রত্যাশা করা হয়:

অবিলম্বে লিগ্যাল অ্যান্ড কমপ্লায়েন্স বিভাগকে অবহিত করা এবং তাদের দেওয়া সকল নির্দেশনা অনুসরণ করা;

পূর্ণ সহযোগিতা করা এবং সত্য, নির্ভুল ও সম্পূর্ণ তথ্য প্রদান করা;

GPT-এর বৈধ স্বার্থসমূহ রক্ষা করা।

আইনগতভাবে নিষিদ্ধ না থাকলে, কোনো সরকারি বা নিয়ন্ত্রক সংস্থার কাছ থেকে তথ্য প্রদানের অনুরোধ পাওয়ার পর এবং সেই অনুরোধের প্রতিক্রিয়া জানানোর আগে, কর্মচারীদের অবশ্যই GPTCompliance@grainproteintech.com ইমেল ঠিকানায় লিগ্যাল অ্যান্ড কমপ্লায়েন্স বিভাগকে অবহিত করতে হবে।

### 5.4 আন্তর্জাতিক বাণিজ্য ও রপ্তানি নিয়ন্ত্রণ

GPT আন্তর্জাতিকভাবে ব্যবসা পরিচালনা করে এবং প্রতিষ্ঠানটিকে অবশ্যই সংশ্লিষ্ট সকল আন্তর্জাতিক ও দেশীয় বাণিজ্য আইন ও প্রবিধান মেনে চলতে হবে; যার মধ্যে রয়েছে রপ্তানি ও আমদানি নিয়ন্ত্রণ, নিষেধাজ্ঞা, বয়কট-বিরোধী প্রয়োজনীয়তা, বাণিজ্যিক অবরোধ এবং এই ধরনের অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী।

GPT-তে যে পদেই কর্মরত থাকুন না কেন, সকল কর্মচারীর দায়িত্ব হলো রপ্তানির শ্রেণিবিভাগ, লাইসেন্সিং, চূড়ান্ত ব্যবহার, প্রাপক এবং শুল্ক সংক্রান্ত আইনসমূহ মেনে চলা এবং এই সকল ক্রিয়াকলাপের নির্ভুল রেকর্ড সংরক্ষণ করা।

যদি কোনো কর্মচারী কোনো গ্রাহক, সরবরাহকারী বা অন্য কোনো তৃতীয় পক্ষ GPT-কে কোনো দেশ, গোষ্ঠী বা ব্যক্তির বিরুদ্ধে অর্থনৈতিক বয়কটে অংশ নিতে বা তা সমর্থন করার জন্য কোনো অনুরোধ পেতে দেখেন, তবে অবিলম্বে GPTCompliance@grainproteintech.com ইমেলে লিগ্যাল অ্যান্ড কমপ্লায়েন্স বিভাগকে অবহিত করুন।

## 6. <u>সরবরাহকারী ও তৃতীয় পক্ষের সাথে সম্পৃক্ততা</u>

## 6.1 সরবরাহকারীদের সাথে নৈতিক সম্পর্ক

GPT-এর ভেন্ডর, সরবরাহকারী এবং সাবকন্ট্রাক্টরের সাথে সম্পর্ক তার ক্রিয়াকলাপের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এগুলি ন্যায়, স্বচ্ছতা এবং সততার সাথে পরিচালনা করা উচিত। সকল বাণিজ্যিক লেনদেন অবশ্যই প্রযোজ্য আইন, প্রবিধান এবং GPT-এর নৈতিক মানদণ্ড অনুযায়ী হতে হবে। নকল পণ্য, অবৈধ উৎস বা গন্তব্য, অথবা আইনি বা নৈতিক আদর্শ লঙ্ঘনকারী অন্য যেকোনো কর্মকাণ্ডের সাথে জড়িত সম্পর্কগুলো কঠোরভাবে নিষিদ্ধ।

GPT সম্ভাব্য সর্বোচ্চ পর্যায় পর্যন্ত প্রতিযোগিতামূলক ক্রয় প্রক্রিয়াকে উৎসাহিত করে; এবং উৎস নির্বাচন (Sourcing selection), দরকষাকষি ও প্রশাসনিক ব্যবস্থাপনার ক্ষেত্রে যথাযথ যাচাই সম্পাদন করে এবং সর্বোচ্চ নৈতিক মানদণ্ড বজায় রাখে। ভেন্ডর, সরবরাহকারী, কনট্রাক্টর এবং সাবকনট্রাক্টর বাছাই বস্তুনিষ্ঠ মানদণ্ডের উপর ভিত্তি করে করা হবে, যেখানে পণ্যের গুণমান, মূল্য এবং পারফরম্যান্সের সমন্বয় বজায় রাখা হবে। তথ্য সরবরাহের অনুরোধ, অডিট বা সরাসরি কর্মস্থল পরিদর্শনের মাধ্যমে সরবরাহকারীর নিয়মাবলি পরিপালন যাচাই করার অধিকার GPT সংরক্ষণ করে। নীতিমালা পরিপালনে ব্যর্থতার ফলে সংশোধনমূলক কর্মপরিকল্পনা গ্রহণ করা হতে পারে অথবা ব্যবসায়িক সম্পর্ক ছিন্ন করা হতে পারে।

প্রতিযোগিতামূলক তথ্যের যথাযথ সংগ্রহ এবং ব্যবহার GPT-এর সাফল্যকে ত্বরান্বিত করে; তবে কর্মচারীদের অবশ্যই কোনোভাবেই প্রতিযোগীদের ব্যবসায়িক গোপনীয়তা বা মালিকানাধীন তথ্য চাওয়া বা গ্রহণ করা যাবে না। এই ধরনের কোনো প্রস্তাব অথবা প্রতিযোগিতামূলক তথ্যের বৈধতা নিয়ে কোনো প্রশ্ন দেখা দিলে, তা অবিলম্বে একজন সুপারভাইজার, HR অথবা লিগ্যাল অ্যান্ড কমপ্লায়েন্স বিভাগকে জানাতে হবে।

## 6.2 উপহার, বিনোদন এবং আতিথেয়তা

GPT-এর ব্যবসায়িক সিদ্ধান্তসমূহ অবশ্যই গুণমান, সেবা এবং মূল্যের মতো বস্তুনিষ্ঠ বিষয়গুলোর ওপর ভিত্তি করে নিতে হবে। কর্মচারীদের নিশ্চিত করতে হবে যে, কোনো উপহার, বিনোদন বা আতিথেয়তা যেন তাদের বিচারবুদ্ধিকে প্রভাবিত না করে অথবা প্রভাবিত করছে বলে মনে না হয়। সাধারণ ও স্বাভাবিক ব্যবসায়িক শিষ্টাচার বিনিময় করা গ্রহণযোগ্য হতে পারে, যদি সেগুলো যুক্তিযুক্ত ও যথাযথ হয়। GPT-এর বহির্ভূত কোনো পক্ষকে উপহার প্রদানের পূর্বে, কর্মচারীদের অবশ্যই প্রযোজ্য GPT দুর্নীতি-বিরোধী নীতিমালা অথবা আঞ্চলিক নির্দেশিকাগুলো দেখে নিতে হবে; যাতে উপহারের মূল্যসীমা, অনুমোদন প্রক্রিয়া এবং অঞ্চলভেদে নিয়মের ভিন্নতা সম্পর্কে নিশ্চিত হওয়া যায়। যেকোনো প্রশ্ন করতে অনুগ্রহ করে লিগ্যাল ও কমপ্লায়েন্স বিভাগে যোগাযোগ করুন।

## 6.3 মানবাধিকার এবং শ্রম অনুশীলন

মানবাধিকারের প্রতি শ্রদ্ধা প্রদর্শন এবং সকল প্রকার দাসপ্রথা ও মানবপাচার প্রতিরোধে GPT সর্বোচ্চ অঙ্গীকারবদ্ধ। এই অঙ্গীকার শুরু হয় GPT-এর নিজস্ব কার্যক্রম থেকে এবং এটি প্রতিষ্ঠানের বিশ্বব্যাপী সরবরাহ ব্যবস্থা এবং সেইসব জনপদ পর্যন্ত বিস্তৃত, যেখানে GPT-এর পণ্য ও সেবাগুলো বিক্রি এবং ব্যবহৃত হয়।

GPT-এর এই কর্মপন্থা নিচের নীতিসমূহ দ্বারা পরিচালিত:

- সকল মানুষের মর্যাদা এবং অধিকারের প্রতি শ্রদ্ধা রেখে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করা।
- সরবরাহ ব্যবস্থার মানবাধিকার সংক্রান্ত ঝুঁকিগুলো মূল্যায়ন ও প্রশমন করার লক্ষ্যে সরবরাহকারীদের ওপর যথাযথ অনুসন্ধান পরিচালনা করা।
- বৈচিত্র্য, সমান সুযোগ এবং সকল প্রকার বৈষম্যহীনতাকে উৎসাহিত করা; এবং এমন একটি কর্মপরিবেশ তৈরি করা যা অবৈধ হয়রানি ও প্রতিহিংসামূলক আচরণ থেকে মুক্ত।
- প্রযোজ্য সকল স্থানীয় স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত আইন ও বিধিবিধান মেনে চলা।
- সকল কর্মচারীর জন্য নিরাপদ ও সুরক্ষিত পরিবেশ নিশ্চিত করা।
- ন্যায্য মজুরি ও কর্মঘণ্টা নিশ্চিত করা যা স্থানীয় আইনের সাথে সামঞ্জস্যপূর্ণ এবং যুক্তিসঙ্গত সীমা অতিক্রম করে না; সেইসাথে সংগঠনের স্বাধীনতা এবং সম্মিলিত দরকষাকষির অধিকারকে শ্রদ্ধা জানানো।
- শিশুশ্রম, মানবপাচার, দাসত্ব এবং অন্যান্য সকল প্রকার বাধ্যতামূলক বা অনিচ্ছাকৃত শ্রম নিষিদ্ধ করা।

GPT-এর সরবরাহকারীদের অবশ্যই সকল প্রযোজ্য আইন ও বিধিবিধান মেনে চলতে হবে এবং তাদের কর্মী ও যেখানে তারা কার্যক্রম পরিচালনা করে, সেই কমিউনিটির মানবাধিকারের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করতে হবে। GPT জেনে-বুঝে এমন কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাথে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করবে না, যারা মানবাধিকার লঙ্ঘনের সাথে জড়িত। GPT বা GPT-এর সরবরাহ ব্যবস্থার ভেতরে নিরাপত্তা, সুরক্ষা বা মানবাধিকার সংক্রান্ত যেকোনো উদ্বেগের বিষয়ে কর্মীদের অবশ্যই অবিলম্বে একজন সুপারভাইজার, HR, লিগ্যাল অ্যান্ড কমপ্লায়েন্স বিভাগ অথবা GPT হটলাইনের মাধ্যমে রিপোর্ট করতে হবে।

## 6.4 জনহিতকর কাজ

GPT বিশ্বব্যাপী ইতিবাচক প্রভাব ফেলতে এবং যেসব এলাকায় এটি কার্যক্রম পরিচালনা করে, সেইসব কমিউনিটির উপকারে আসে এমন দাতব্য ক্রিয়াকলাপে দায়িত্বশীলভাবে অংশগ্রহণ করতে অঙ্গীকারবদ্ধ। GPT জনহিতকর বা সমাজকল্যাণমূলক কাজে সহায়তার জন্য অর্থ, সময়, মেধা অথবা প্রয়োজনীয় উপকরণ প্রদান করতে পারে। GPT যেসব জনহিতকর উদ্যোগকে সমর্থন করে, সেগুলোর বিষয়ে কর্মচারীদের পরিচিত হতে এবং সেগুলোতে অংশগ্রহণ করতে উৎসাহিত

করা হয়; তবে এটি বাধ্যতামূলক নয়। সরাসরি আর্থিক অনুদান প্রদানের ক্ষেত্রে লিগ্যাল অ্যান্ড কমপ্লায়েন্স বিভাগের অনুমোদন প্রয়োজন হবে।

### 6.5 পরিবেশগত স্থায়িত্ব

GPT পরিবেশগত স্থায়িত্ব এবং বৃহত্তর ESG নীতিসমূহকে দায়িত্বশীল ব্যবসায়িক কার্যক্রমের মৌলিক উপাদান হিসেবে বিবেচনা করতে অঙ্গীকারবদ্ধ। আমরা সম্পদের দক্ষ ব্যবহার, প্রযোজ্য পরিবেশগত আইন ও বিধিবিধানের যথাযথ অনুসরণ এবং টেকসই কৃষির প্রসার ও উন্নয়নে নিরন্তর প্রচেষ্টার মাধ্যমে পরিবেশের ওপর আমাদের নেতিবাচক প্রভাব কমিয়ে আনতে প্রতিশ্রুতিবদ্ধ। এর অন্তর্ভুক্ত রয়েছে কার্বন নিঃসরণ হ্রাস করা এবং আমরা যেসব অঞ্চলে কার্যক্রম পরিচালনা করি, সেখানে পানি ও জ্বালানি শক্তি সংরক্ষণের ওপর বিশেষ গুরুত্ব প্রদান করা। এই পদ্ধতির মধ্যে আরও অন্তর্ভুক্ত রয়েছে বিপজ্জনক পদার্থের ব্যবহার সর্বনিম্ন করা, প্রয়োজনীয় পরিবেশগত অনুমতিপত্র সংগ্রহ করা এবং প্রযোজ্য বিধিবিধান অনুযায়ী রিপোর্টযোগ্য উপকরণগুলো চিহ্নিত করা। আমাদের ESG কাঠামোর ক্রমবিকাশের সাথে সাথে, আমরা বৈশ্বিক মানদণ্ডের সাথে সংগতি বজায় রাখতে আমাদের কৌশলগুলো মূল্যায়ন ও উন্নত করা অব্যাহত রাখব; যা আমাদের স্টেকহোল্ডারদের জন্য দীর্ঘমেয়াদী মূল্য নিশ্চিত করার পাশাপাশি পৃথিবীতে ইতিবাচক অবদান রাখবে।

### 6.6 সংঘাতপূর্ণ অঞ্চলের খনিজ সম্পদ

GPT সংঘাতপূর্ণ এলাকার খনিজ সম্পদের সাথে জড়িত সহিংসতা নিরসনের প্রচেষ্টাকে সমর্থন করে এবং দায়িত্বশীল উৎস থেকে পণ্য সংগ্রহের বিষয়ে প্রযোজ্য বিধিবিধানগুলো মেনে চলে। সংঘাতপূর্ণ এলাকা থেকে খনিজ সম্পদ সংগ্রহের সাথে জড়িত ঝুঁকিগুলো সরবরাহকারীদের অবশ্যই মূল্যায়ন ও প্রশমন করতে হবে এবং GPT-কে সরবরাহ করা পণ্যে এই ধরনের খনিজ ব্যবহৃত হলে, তাদের সরবরাহ ব্যবস্থায় স্বচ্ছতা নিশ্চিত করতে হবে।

## 7. রাজনৈতিক ও নাগরিক সম্পৃক্ততা

### 7.1 রাজনৈতিক ক্রিয়াকলাপের জন্য নির্দেশিকা

রাজনৈতিক অনুদান এবং লবিং কঠোরভাবে নিয়ন্ত্রিত এবং এগুলি বিশেষ আইনি বাধ্যবাধকতার অধীন হতে পারে। যেকোনো বিজনেস ইউনিট যদি রাজনৈতিক অনুদান প্রদান, লবিস্ট নিয়োগ বা কোনো ধরনের লবিং ক্রিয়াকলাপে জড়িত হওয়ার কথা বিবেচনা করে, তবে তাদের অবশ্যই প্রথমে SVP, গ্লোবাল ফাইন্যান্স (বা তার মনোনীত ব্যক্তি) এবং লিগ্যাল অ্যান্ড কমপ্লায়েন্স বিভাগকে জানাতে হবে।

GPT তার কর্মীদের সম্পূর্ণরূপে ব্যক্তিগত উদ্যোগে, নিজস্ব সময়ে এবং নিজস্ব সম্পদ ব্যবহার করে স্থানীয়, রাষ্ট্রীয়, আঞ্চলিক এবং জাতীয় পর্যায়ের নির্বাচনী প্রক্রিয়ায় ও সামাজিক ক্রিয়াকলাপে জড়িত হতে উৎসাহিত করে। ব্যক্তিগত রাজনৈতিক বা কমিউনিটির কার্যক্রমে অংশগ্রহণের সময়, নিম্নলিখিত নীতিমালা প্রযোজ্য:

- ব্যক্তিগত ক্রিয়াকলাপ পরিচালনা বা সমর্থনের ক্ষেত্রে, তা রাজনৈতিক হোক বা অন্য কিছু, GPT-এর সময়, সম্পত্তি, তহবিল কিংবা সরঞ্জাম ব্যবহার করবেন না।
- সর্বদা স্পষ্টভাবে জানাতে হবে যে আপনার মতামত ও ক্রিয়াকলাপ আপনার নিজস্ব, GPT-এর নয়।
- কেউ যদি কোনো সরকারি পদের মনোনয়ন পেতে বা গ্রহণ করতে চান, তবে তাকে অবশ্যই আগে থেকেই তার সুপারভাইজারকে তা জানাতে হবে, এর উদ্দেশ্য হলো অফিসিয়াল দায়িত্ব থেকে উদ্ভূত কোনো স্বার্থের সংঘাত তার কাজে প্রভাব ফেলবে কি না তা আলোচনা করা এবং GPT-তে তার কাজের দায়িত্বগুলো যেন নেতিবাচকভাবে প্রভাবিত না হয়, তা নিশ্চিত করতে সুপারভাইজারের সাথে সমন্বয় করা।
- কোনো রাজনৈতিক প্রার্থী, রাজনৈতিক দল বা দাতব্য সংস্থাকে সমর্থন করার জন্য কর্মীদের ওপর চাপ সৃষ্টি করা বা বাধ্য করা সম্পূর্ণ নিষিদ্ধ।
- যদি এই প্রয়োজনীয়তাগুলোর সাথে প্রযোজ্য আইনের কোনো বিরোধ দেখা দেয়, তবে প্রযোজ্য আইন প্রাধান্য পাবে।

## 8. নীতিমালা প্রশাসন

### 8.1 সহায়ক নীতিমালা ও পদ্ধতির রেফারেন্স

GPT একটি ইন্ট্রানেট সাইট পরিচালনা করে যেখানে এই আচরণবিধি, অন্যান্য নীতিমালা ও নির্দেশিকা এবং নৈতিকতা ও কমপ্লায়েন্স সংক্রান্ত অতিরিক্ত তথ্য পাওয়া যাবে; যা 'GPT Hub'-এ রয়েছে। যদি আপনার ইন্ট্রানেট সাইটে অ্যাক্সেস না থাকে, তবে GPT-এর মানবসম্পদ বিভাগ বা HR ডিপার্টমেন্টকে অনুরোধ করুন।

### 8.2 নির্দেশনা ও সহায়তার জন্য উৎস

আইন, এই আচরণবিধি অথবা GPT-এর অন্যান্য নীতিমালা লঙ্ঘনের সম্ভাবনা সম্পর্কে কোনো প্রশ্ন থাকলে বা উদ্বেগ জানাতে নিচের রিসোর্স ছাড়াও আরও অনেক মাধ্যম উপলভ্য রয়েছে:

- আপনার সুপারভাইজার অথবা HR প্রতিনিধি।
- GPT-এর লিগ্যাল অ্যান্ড কমপ্লায়েন্স বিভাগ - GPTCompliance@grainproteintech.com.
- হটলাইন (অনলাইনে বা ফোনে রিপোর্ট করুন) https://gpt.ethicspoint.com.

## 8.3 নীতিমালা পর্যালোচনা ও আপডেট

লিগ্যাল অ্যান্ড কমপ্লায়েন্স বিভাগ এই আচরণবিধি সংশোধন এবং পর্যায়ক্রমে হালনাগাদ করার জন্য দায়ী। এই আচরণবিধি অন্তত দুই বছরে একবার পর্যালোচনা করা হবে, অথবা আইন, ব্যবসায়িক কার্যক্রম বা নিয়ন্ত্রক সংস্থার প্রয়োজনীয়তার পরিবর্তনের ফলে প্রয়োজন অনুযায়ী আরও ঘনঘন পর্যালোচনা করা হতে পারে।

## 8.4 ধারাবাহিকতা ও পরিবর্তন

আইনের সাথে সংগতি রেখে, GPT যেকোনো সময়ে নোটিশ দিয়ে বা নোটিশ ছাড়াই, এই ধরনের সকল বা যেকোনো নীতি, পরিকল্পনা বা কর্মসূচির পর্যালোচনা, পুনঃবিবেচনা, ব্যাখ্যা, সংশোধন, পরিমার্জন, স্থগিত বা বিলুপ্ত করার অধিকার রাখে। যদি এই নীতিমালার কোনো বিধান প্রচলিত কোনো আইন, প্রবিধান বা অন্যান্য আইনি বাধ্যবাধকতার সাথে সাংঘর্ষিক হয় অথবা তা লঙ্ঘন করে, তাহলে সেই প্রচলিত বিধানগুলোই প্রাধান্য পাবে।

অত্যন্ত বিরল পরিস্থিতিতে যেখানে এই আচরণবিধির কোনো নিয়ম শিথিল করা বা ব্যতিক্রম গ্রহণ করা উপযুক্ত হতে পারে, সেক্ষেত্রে অবিলম্বে লিগ্যাল অ্যান্ড কমপ্লায়েন্স বিভাগে GPTCompliance@grainproteintech.com ঠিকানায় যোগাযোগ করুন।

এই নির্দেশিকাটি আইনি পরামর্শ প্রদানের উদ্দেশ্যে তৈরি করা হয়নি। কর্মীদের যেকোনো বিষয়ে নির্দিষ্ট নির্দেশনার জন্য লিগ্যাল অ্যান্ড কমপ্লায়েন্স বিভাগে পরামর্শ করা উচিত।

**এই নীতিমালা সংক্রান্ত যেকোনো প্রশ্ন লিগ্যাল অ্যান্ড কমপ্লায়েন্স বিভাগে পাঠানো উচিত**

| বিবরণ | কার্যকরের তারিখ: | নাম ও পদবী অনুসারে পরিবর্তন করা হয়েছে |
|---|---|---|
| নীতিমালা প্রণয়ন | 01/01/2026 | Patrick Rykhus, GC |

## দায়িত্ব অস্বীকার

এটি একটি পর্যালোচিত অনুবাদ। মূল এবং আইনগতভাবে বাধ্যতামূলক সংস্করণটি ইংরেজি ভাষায়। এই অনুবাদের ব্যাখ্যা সম্পর্কে কোনো অসামঞ্জস্য বা সন্দেহ দেখা দিলে, ইংরেজি সংস্করণটিই প্রাধান্য পাবে।